

সব ই-কমার্স বন্ধ করে দেওয়া ঠিক হবে না : বাণিজ্যমন্ত্রী

প্রকাশিতঃ সেপ্টেম্বর ২৬, ২০২১ [প্রিন্ট](#)



অনলাইন রিপোর্টার ॥ ই-কমার্স প্ল্যাটফর্মে কোরবানি জন্য গরু অর্ডার দিয়ে কাজিফত গরু পাননি, সেখানে প্রতারণা হয়েছেন বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুন্সি।

রবিবার (২৬ সেপ্টেম্বর) বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মেলন কক্ষে ‘প্রতিযোগিতা আইন বাস্তবায়নের মাধ্যমে বাজারে সুষ্ঠু প্রতিযোগিতাপূর্ণ পরিবেশ সৃষ্টিতে ইকোনমিক রিপোর্টার্স ফোরামের (ইআরএফ) ভূমিকা’ শীর্ষক কর্মশালায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

বাণিজ্যমন্ত্রী বলেন, এক বছর আগে কোরবানির ঈদে একটি ই-কমার্স প্রতিষ্ঠান উদ্বোধনকালে কোরবানির জন্য একটি গরুর অর্ডার করে এক লাখ টাকা দিয়েছিলাম।

কিন্তু আমাকে যে গরুটি দেখিয়েছিল, আমি সেটি পাইনি। আমি নিজেই অর্ডার করে প্রতারণা হয়েছিলাম। তিনি বলেন, একটি জিনিস নতুন করে চালু করলে, সেটা নিয়ে সমস্যার সৃষ্টি হয়। তার ভুক্তভোগী আমি নিজেই।

প্রতিযোগিতা কমিশনের চেয়ারপারসন মফিজুল ইসলাম বলেন, ২০২০ সালের নবেম্বরে ইভ্যালির বিরুদ্ধে মামলা করা হয়েছে কমিশনের পক্ষ থেকে। মামলাটা আদালতে চলমান। শিগগিরই রায় হবে।

জানা গেছে, বাংলাদেশে সম্প্রতি একাধিক ই-কমার্স প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রতারণা ও অর্থ আত্মসাতের অভিযোগ উঠেছে। এর মধ্যে অন্যতম হলো ইভ্যালি এবং ই-অরেঞ্জ নামের দুটি প্রতিষ্ঠান। বিভিন্ন ধরনের অফার এবং দ্রুত সেবা প্রদানের প্রতিশ্রুতি দিয়ে তারা গ্রাহকদের আকৃষ্ট করেছিল।

প্রতিযোগিতা কমিশনের চেয়ারপারসন বলেন, সারা বিশ্বে ই-কমার্স চালু রয়েছে। ইতোমধ্যে এ ব্যবসার সঙ্গে লাখ লাখ মানুষ জড়িত হয়েছে। ডিজিটাল বাংলাদেশে ডিজিটাল পদ্ধতিতে বাণিজ্য পরিচালিত হবে।

তিনি বলেন, করোনাকালে ই-কমার্স সুনাম অর্জন করেছে, মানুষ উপকৃত হয়েছে। কয়েকটি প্রতিষ্ঠানের অসৎ ব্যবসা ও প্রতারণার কারণে সব ই-কমার্স বন্ধ করে দেওয়া ঠিক হবে না।

মফিজুল ইসলাম বলেন, ই-কমার্স বন্ধ না করে সুশৃঙ্খলভাবে পরিচালনা ও নিয়ন্ত্রণের জন্য একটি রেগুলেটরি অথরিটি গঠন করা হবে। এখান থেকে ই-কমার্সের জন্য রেজিস্ট্রেশন প্রদান করা হবে এবং কঠোরভাবে ডিজিটাল বাণিজ্য মনিটরিং করা হবে।

একই সঙ্গে যারা অপরাধ করেছে, তাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হচ্ছে। ভবিষ্যতে যাতে এ ধরনের প্রতারণার সুযোগ না পায়, সেজন্য সরকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণও করেছে।

প্রতিযোগিতা কমিশনের চেয়ারপারসন মফিজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত কর্মশালায় বক্তব্য রাখেন- কমিশনের সদস্য মনজুর কাদের, নাসরিন বেগম এবং জিএম সালেহ উদ্দিন, ইআরএফের সভাপতি শারভিন রিনভী, সাধারণ সম্পাদক এস এম রাশেদুল ইসলাম।